গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২২.১২.০০১.২০২৬-২৭৪ তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩৩। / ০১ জুলাই ২০২৬।

**বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার ও টাঙ্গাইল জেলা কারাগার এর প্রশাসনিক কার্যক্রম পরিচালনা প্রসংঙ্গে।**

বরাত: ক। কারা উপ মহাপরিদর্শক সম্মেলন-২/২০২৬; তারিখ: ২৯/০৪/২০২৬।
খ।কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০২২.১২.০০১.২০২৬-২৭৩; তারিখ: ২৯/০৬/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও বরাতের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে ময়মনসিংহ বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের দপ্তরের অধীনে ৪ (চার)টি এবং সিলেট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের দপ্তরের অধীনে ৫ (পাঁচ)টি কারাগার পরিচালিত হচ্ছে। ফলে উক্ত দুই বিভাগের গার্ডিং স্টাফের আন্তঃবিভাগীয় বদলি/পদায়ন ও জনবল ব্যবস্থাপনায় বাস্তবিক জটিলতা সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষাপটে বরাতক্রম 'ক' অনুযায়ী অনুষ্ঠিত কারা উপ মহাপরিদর্শক সম্মেলন-২/২০২৬-এর সিদ্ধান্তের আলোকে প্রাথমিকভাবে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের প্রশাসনিক কার্যক্রম সিলেট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের দপ্তর এবং টাঙ্গাইল জেলা কারাগারের প্রশাসনিক কার্যক্রম ময়মনসিংহ বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের দপ্তরের মাধ্যমে পরিচালনার নির্দেশনা বরাতক্রমে উল্লিখিত 'খ' স্মারকের মাধ্যমে জারি করা হয়। কিন্তু বাস্তবায়ন পর্যায়ে দেখা যায় যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারে চট্টগ্রাম বিভাগ এবং টাঙ্গাইল জেলা কারাগারে ঢাকা বিভাগ-২-এর অনুমোদিত ও পদায়নযোগ্য গার্ডিং স্টাফের তুলনামূলক সংখ্যা বিবেচনায় জনবল সমন্বয় ও বদলি কার্যক্রম পরিচালনা জটিল হয়ে পড়ছে। এমতাবস্থায় প্রশাসনিক কার্যক্রম অধিকতর সহজ, কার্যকর ও সুশৃঙ্খলভাবে পরিচালনা, জনবল ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং আন্তঃবিভাগীয় বদলি/পদায়নের সমন্বয় নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্নিত নির্দেশনা অনুযায়ী গার্ডিং স্টাফ পদায়নের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো:

| ক্রঃ নং | কারাগারের নাম | অনুমোদিত জনবল | পদায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় দপ্তর ও সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | দায়িত্বপ্রাপ্ত দপ্তর | পদায়নের সংখ্যা | |
| ১ | ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার | ১১৩ | চট্টগ্রাম বিভাগীয় দপ্তর | ৪০ | |
| | | | সিলেট বিভাগীয় দপ্তর | ৭৩ | |
| ২ | টাঙ্গাইল জেলা কারাগার | ১৭৪ | ঢাকা বিভাগীয় দপ্তর -২ | ৭০ | |
| | | | ময়মনসিংহ বিভাগীয় দপ্তর | ১০৪ | |

২। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী কারা উপ মহাপরিদর্শক, সিলেট এবং ময়মনসিংহ বিভাগীয় দপ্তরসমূহ ছকে প্রদর্শিত নির্ধারিত সংখ্যক গার্ডিং স্টাফের নামীয় তালিকা উল্লিখিত জেলাসমূহে পদায়নের জন্য কারা সদর দপ্তরে প্রেরণ করবেন; যার আন্ত:সমন্বয় আগামী সেপ্টেম্বর/২০২৬ এর মধ্যে কারা সদর দপ্তরের পৃথক বিস্তারিত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হবে। কোনো অবস্থাতেই নির্ধারিত জনবল শূন্য রাখা যাবে না। উল্লেখ্য যে, এ পদায়নের কারণে সৃষ্ট ঘাটতি অন্যান্য বিভাগের জনবল পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে কারা অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে পূরণ করা হবে। এ প্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার ও টাঙ্গাইল জেলা কারাগার যথাক্রমে পূর্বের ন্যায় চট্টগ্রাম বিভাগীয় দপ্তর ও ঢাকা বিভাগ-২ এর বিভাগীয় দপ্তরের অধীনেই বহাল থাকবে।

**৩। এ মর্মে বরাতক্রমে উল্লিখিত 'খ' স্মারকের মাধ্যমে জারিকৃত নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো।**

০১।০৭।২৬

সৈয়দ মো: মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা
ig@prison.gov. bd

**বিতরণ:**

১. কারা উপ মহাপরিদর্শক, চট্টগ্রাম/সিলেট/ঢাকা-২/ময়মনসিংহ বিভাগ;
২. কারা তত্ত্বাবধায়ক, ব্রাহ্মণবাড়িয়া/টাঙ্গাইল।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩. কারা উপ মহাপরিদর্শক, রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/ঢাকা-১ বিভাগ;
৪. বিজ্ঞ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া/টাঙ্গাইল;
৫. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া/টাঙ্গাইল;
৬. সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক , সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৭. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৮. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া/টাঙ্গাইল;
৯. কারা তত্ত্বাবধায়ক, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিম উদ্দিন রোড ঢাকা;
১০. কারা তত্ত্বাবধায়ক, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। **পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;**
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন (স: দ:), কারা অধিদপ্তর, ঢাকা;
১৩. উপ সহকারী কারা মহাপরিদর্শক (অপারেশন), কারা অধিদপ্তর, ঢাকা;
১৪. প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল)/ডিপ্লোমা নার্স, কারা অধিদপ্তর, ঢাকা;
১৫. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১৬. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ মহাপরিদর্শক (সকল) মহোদয়ের সদয় অবগতির জন্য;
১৭. গার্ড ফাইল।